13 JUL 2016
পৃষ্ঠা 2 কলাম 6

যুগান্তর

# কলুষিত রাজনীতি নয় আগে চাই শিক্ষা

—অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি

**স্টাফ রিপোর্টার,** *নবাবগঞ্জ*

শিক্ষা প্রতিষ্ঠানে কলুষিত রাজনীতি নয়, আগে শিক্ষা অর্জন করতে হবে। তাহলে জাতি আলোকিত হবে। তোমরা হবে সমাজের প্রকৃত মানুষ। মঙ্গলবার দুপুরে ঢাকার নবাবগঞ্জে দোহার নবাবগঞ্জ কলেজ অ্যান্ড বিশ্ববিদ্যালয়ের একাদশ শ্রেণীর ওরিয়েন্টেশন ক্লাসের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সাবেক মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি এসব কথা বলেন।

কলেজ অ্যান্ড বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আনোয়ার হোসেনের সভাপতিত্বে একাদশ শ্রেণীর নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন ক্লাসের অনুষ্ঠানে সব ছাত্রছাত্রীকে ফুলেল শুভেচ্ছা জানিয়ে বরণ করে নেয়া হয়।

অনুষ্ঠানে সালমা ইসলাম এমপি বলেন, আজকের তরুণরা অনেকেই বিপথগামী হয়ে জঙ্গিবাদের পথে দাবিত হচ্ছে। অপরাধমূলক এসব কর্মকাণ্ড সম্পর্কে তোমাদের সচেতন হতে হবে। প্রতিষ্ঠানের সুনাম রক্ষা ও তোমাদের জীবনকে আলোকিত করতে লেখাপড়ায় মনযোগী হয়ে ইতিবাচক পরিবর্তন ঘটাতে হবে। সেই লক্ষ্যে নবীন শিক্ষার্থীরা সুন্দর ভবিষ্যতের দিকে এগিয়ে যাবে এটাই প্রত্যাশা করি।

সংসদ সদস্য সালমা ইসলাম বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র রাজনীতির নামে যাতে বিশৃংখলা না হয় সে বিষয়ে সতর্ক থাকতে হবে। শুধু দোহার নবাবগঞ্জ নয়, সারা দেশের মধ্যে ভালো রেজাল্ট করে প্রমাণ করতে হবে সেরা শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে। আগামী দিনের চ্যালেঞ্জ নিয়ে ভালো মানুষ হওয়ার প্রত্যয় সামনে রেখে জীবন গড়তে হবে। নবীনদের নব উদ্যোগে এগোতে হবে। যাতে দেশ ও সমাজ উন্নয়নের হাতিয়ার হিসেবে তরুণ শিক্ষার্থীরা নিজেকে গড়ে তুলতে পারে। অ্যাডভোকেট সালমা ইসলামকে এ সময় নবীন শিক্ষার্থীরা ফুল দিয়ে উষ্ণ শুভেচ্ছা জানায়। পরে তিনি ছাত্রদেরও বরণ করে নেন।

এ সময় উপস্থিত ছিলেন কলেজের সাবেক অধ্যক্ষ মানবেন্দ্র দত্ত, গভর্নিং বডির সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি নাসির উদ্দিন আহমেদ ঝিলু, সাধারণ সম্পাদক মো. জালাল উদ্দিন, কেন্দ্রীয় যুবলীগ নেতা মোয়াজ্জেম হোসেন, উপজেলা ভাইস চেয়ারম্যান মহসীন রহমান আকবর, গভর্নিং বডির সদস্য খান ইফতেখার আল ফারুকী, একেএম আবদুল হালিম, ইউপি চেয়ারম্যান সাফিল উদ্দিন মিয়া, নন্দ লাল সিং, জাতীয় পার্টি নেতা জুয়েল আহমেদ, খলিলুর রহমান, শফিকুল ইসলাম স্বপন, রেশমী হোসেন আজাদ, সাবেক ছাত্রলীগ নেতা হুমায়ন কবির, আশিকুজ্জামান হিরণ, খন্দকার মাহবুব, ছাত্রলীগ নেতা আসাদুজ্জামান রনি, শোভন শিকদার, নাহিদুল আলম নাদিম, ছাত্র সমাজের নেতা ইলিয়াস হোসেন মাহিন, মো. শাহিন, খলিল দেওয়ান প্রমুখ।